

তারিখ: ০৩.০৩.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

খাতুনগঞ্জে বাজার মনিটরিং করলেন মেয়র

চট্টগ্রাম নগরীর খাতুনগঞ্জে রমজানের বাজার মনিটরিং করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন ও জেলা প্রশাসক ফরিদা খানম। সোমবার পরিদর্শনকালে নিত্যপণ্য ও কাঁচামালের মজুদ এবং মূল্য তালিকা যাচাই করা হয়। রমজানে সিডিকেট ও বাজার কারসাজি করে কৃত্রিম সংকট তৈরি করছে ব্যবসায়ীরা এমন অভিযোগে সকালে বাজার যাচাই ও নিয়ন্ত্রণে মেয়র এবং জেলা প্রশাসক যৌথভাবে অভিযানে নামেন। এসময় চট্টগ্রামের খাতুনগঞ্জে ব্যবসায়ীদের সতর্ক করে সিটি মেয়র জানান, বাজারে অস্থিরতা কমাতে কঠোর অবস্থানে সিটি কর্পোরেশন। মেয়র বলেন, সারা পৃথিবীতে আমরা দেখেছি বিশেষ করে যে মুসলিম রাষ্ট্রগুলোতে রোজা আসলে ভর্তুকিতে অনেকটা কম মূল্যে তারা বিক্রি করে কিন্তু বাংলাদেশ একমাত্র দেশ যেখানে আমরা দেখেছি রোজা আসলে কিছু অসাধু ব্যবসায়ী সুযোগ খুঁজে কীভাবে আরো টাকা ইনকাম করা যায় এবং এইজন্য আজকে আমরা দেখছি এখানে ভোজ্য তেল উধাও হয়ে গেছে। ভোজ্য তেল কোন জায়গায় পাওয়া যাচ্ছে না। তারা মজুদ করে রেখেছে বিভিন্ন জায়গায় এবং এখানে মার্কেটে শর্ট হওয়ার কারণে দাম বেড়ে গেছে। “এই দাম বেড়ে যাওয়ার কারণে আমরা এখানে দেখতে চাচ্ছি যে কোথায় কোথায় তারা এগুলো রেখেছে এবং আমরা এই মনিটরিং এর মাধ্যমে শুধু ভোজ্য তেল নয় নিত্য প্রয়োজনীয় যত দ্রব্য আছে যাতে সহনীয় পর্যায়ে আনা হয় এ ব্যাপারে আমরা ব্যবসায়ীদেরকে বলছি। আমরা বলছি প্রত্যেকটা জায়গায় যাতে রোট চার্ট দেওয়া হয় এবং আমাদের জেলা প্রশাসক মহোদয় উনার ম্যাজিস্ট্রেট সহ এখানে আছে। যেকোনো সময় যেকোনো জরিমানা এবং তাদেরকে আইনগত ব্যবস্থা নেওয়া হবে যদি কোন ধরনের অসঙ্গতি আমরা দেখি।” পরিদর্শনে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ কামরুজ্জামান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সৈয়দ মাহবুবুল হক, সহকারী কমিশনার মোঃ ইসরাফিল জাহান, শাকিব শাহরিয়ার, রাইয়ান ফেরদৌস, ফারজানা রহমান মীম, আসিফ জাহান সিকদার, সুমন মণ্ডল অপু, নির্বাহী ম্যাজিস্ট্রেট মাসুমা আক্তার কণা এবং কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আব্দুল করিম প্রমুখ।



ব্রীজ নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন ও ফুটওভার ব্রিজ উদ্বোধন করলেন মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম নগরীর চান্দগাঁও ওয়ার্ডের বালুরটাল ব্রীজ নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন ও সানোয়ারা ইসলাম উচ্চ বিদ্যালয়ের সামনে ফুটওভার ব্রিজের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার বালুরটাল ব্রীজ নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে মেয়র শাহাদাত হোসেন বলেন, ভিত্তি প্রস্তর স্থাপন হওয়া বালুরটাল ব্রীজের দৈর্ঘ্য ২৫ মিটার এবং নির্মাণ ব্যয় ধরা হয়েছে ৫ কোটি ৪১ লাখ টাকা। বর্তমানে আরাকান সড়ক ৪ লেইনের হলেও বালুর টাল ব্রীজ এ ২ লেইন এর ব্রীজ থাকার কারণে যানজট সৃষ্টি হয়। নতুন ব্রীজ স্থাপন করে ব্রীজের সক্ষমতা ৪ লেইন এ উন্নতি করা হচ্ছে। এছাড়া, নতুন কালুরঘাট সেতু নির্মাণকে মাথায় রেখে কালুরঘাট সেতু সংযোগ সড়কের সক্ষমতা বৃদ্ধি করা এ প্রকল্পের উদ্দেশ্য। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে চান্দগাঁও, মহরা ও কালুরঘাট অঞ্চলের সাথে চট্টগ্রাম শহরের সংযোগ আরও সুগম হবে। আগামী ছয় মাসের মধ্যে নির্মাণকাজ সম্পন্ন করার লক্ষ্যে আমরা কাজ শুরু করছি। তিনি আরও জানান, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪৭২টি রাস্তার উন্নয়ন, ফুটওভার ব্রিজ নির্মাণ, খেলার মাঠ ও সৌন্দর্যবর্ধনের জন্য ব্যাপক উন্নয়ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এই উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হলে নগরীর যোগাযোগ ব্যবস্থা আরও আধুনিক ও সুবিধাজনক হবে। এসময় স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রকৌশলী, ঠিকাদার ও এলাকার গণ্যমান্য



ব্যক্তির উপস্থিত ছিলেন। মেয়র সবার সহযোগিতা কামনা করে বলেন, "কোনো ধরনের চাঁদাবাজি বা নিঃসমানের উপকরণ ব্যবহার যেন না হয়, তা নিশ্চিত করতে সবাইকে সতর্ক থাকতে হবে।"

এরপর মেয়র ডা. শাহাদাত সানোয়ারা ইসলাম উচ্চ বিদ্যালয়ের সামনে ফুটওভার ব্রিজের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র বলেন, চট্টগ্রাম শহরের ব্যস্ততম এলাকাগুলোর মধ্যে চান্দগাঁও হাজেরা তজু ডিগ্রি কলেজের সামনের সড়কটি অত্যন্ত দুর্ঘটনাপ্রবণ। এ এলাকায় স্কুল কলেজের শিক্ষার্থীদের নিরাপদ যাতায়াতের সুবিধার জন্য ফুটওভার ব্রিজ স্থাপন করেছি। উদ্বোধন হওয়া ব্রিজটির দৈর্ঘ্য ২৭.৫ মিটার ও প্রস্থ: ৩ মিটার এবং নির্মাণ ব্যয় প্রায় ১.৪৪ কোটি টাকা। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতায় মোট ৩৮টি ফুটওভার ব্রিজ নির্মাণ প্রকল্প হাতে নেওয়া হয়েছে, যার মধ্যে কয়েকটি ইতোমধ্যে উদ্বোধন করা হয়েছে। মেয়র আরো বলেন, আমরা চট্টগ্রামকে স্মার্ট ও ক্লিন সিটিতে পরিণত করতে চাই, যেখানে জনগণ নিরাপদে চলাচল করতে পারবে। চট্টগ্রামের প্রধান সমস্যা জলাবদ্ধতা। জলাবদ্ধতা নিরসনে চসিক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এর সমাধানে ৩৬টি খালের উন্নয়ন এবং ১,৬০০ কিলোমিটার দীর্ঘ নালা পরিষ্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি নগরবাসীকে পরিচ্ছন্নতা অভিযানে অংশগ্রহণের আহ্বান জানান এবং ময়লা-আবর্জনা ও প্লাস্টিক বর্জ্য যথাযথভাবে ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রকল্প পরিচালক আনিসুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিন, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, মাহমুদ শাফকাত আমিন, সাবেক কাউন্সিলর মোহাম্মদ আজম, মাহবুবুল আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮